

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫

আগরতলা, ৩ জুন, ২০২৪

বিশ্ব পরিবেশ দিবস
সাইকেল র্যালি অনুষ্ঠিত

পৃথিবীকে দূষণের হাত থেকে রক্ষা করতে পরিবেশ সুরক্ষার জন্য সচেতনতা বৃদ্ধি করতে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। এবছর বিশ্ব পরিবেশ দিবসের মূল ভাবনা বা থিম হচ্ছে “ল্যান্ড রেস্টোরেশন, ডিজার্টিফিকেশন অ্যান্ড ড্রট রিজিলিয়েন্স”। যার মাধ্যমে জল সংকট, খরা, জমির অবক্ষয়, মরুভূমিতে পরিণত হওয়া ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হবে। এ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবস পালনের উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যে এই উপলক্ষে গতকাল একটি সাইকেল র্যালির আয়োজন করা হয়। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যবহারের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত এই র্যালিতে ‘আগরতলা সাইকেলোহোলিক ফাউন্ডেশন’-এর সদস্যরা অংশগ্রহণ করেন। পিসিসিএফ এ এম কানফাডে ও অন্যান্য আধিকারিকদের উপস্থিতিতে মুখ্যসচিব জে কে সিনহা আগরতলায় হেরিটেজ পার্ক প্রাঙ্গণে পতাকা নেড়ে এই র্যালির সূচনা করেন।

মুখ্যসচিব জে কে সিনহা ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের এই উদ্যোগের প্রশংসা করেন এবং পরিবেশকে সবুজ ও নির্মল রাখতে বছরব্যাপী এ ধরনের আইইসি কার্যকলাপ চালিয়ে যেতে অনুরোধ জানান। তাছাড়া দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সিদ্ধান্ত নিয়েছে, বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে স্কুল-কলেজের ছাত্রছাত্রী, এনএসএস ভলান্টিয়ার, সমাজসেবী সংগঠনগুলির অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হবে। ৫ জুন সকাল সাড়ে ৬টায় র্যালিটি সুকান্ত একাডেমি থেকে শুরু হবে। সেদিনই সকাল ৭টায় সুকান্ত একাডেমিতে স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা এবং গাছের চারা বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হবে। ৫ জুন সকাল সাড়ে এগারোটায় দেবেন্দ্রচন্দ্রনগরস্থিত ওয়েস্ট ডিসপোজেল সেন্টারে গাছ লাগানো হবে। বিভিন্ন স্কুলের হোস্টেলের ছাত্রছাত্রীদের মধ্যে ডাস্টবিন ও গাছের চারা বিতরণ করা হবে।
